বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২১

তারিখ: ২৪ মাঘ ১৪২৮
০৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **গত ৩০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের এডিপি পর্যালোচনা সভার নির্দেশনার প্রেক্ষিতে Contract Management System Database Software পরীক্ষামূলক ব্যবহার করতঃ দরপত্র মূল্যায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল এর উদ্যোগে Contract Management System Database Software শীর্ষক ওয়েব-বেইজড সফটওয়্যার অতি সম্প্রতি প্রনয়ন করা হয়েছে। সফটওয়্যারটিতে বাপাউবো'র সমাপ্তকৃত ও চলমান সকল প্যাকেজের চুক্তির বিস্তারিত তথ্য ইনপুট দেয়ার ব্যবস্থা থাকবে এবং এ সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত বিশ্লেষিত তথ্য দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াকে সহজতর করবে। বর্তমানে দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা ও পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা জোনসমূহে সফটওয়্যারটির পাইলটিং করার জন্য প্রাথমিকভাবে মহাপরিচালক, বাপাউবো মহোদয় সদয় অনুমোদন দিয়েছেন।

গত ৩০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয় সফটওয়্যারটির পাইলটিং কেবলমাত্র ২টি জোনে সীমাবদ্ধ না রেখে সকল জোনেই শুরু করার নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায়, মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশক্রমে আপনার জোনের সমাপ্তকৃত ও চলমান সকল প্যাকেজের চুক্তির Verified তথ্যদি জরুরীভিত্তিতে সফটওয়্যারটিতে ইন-পুট দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। তথ্যসমূহ ইন-পুট প্রদান সম্পন্ন হলে তার তথ্য বিশ্লেষণ পর্যালোচনাপূর্বক সফটওয়্যারটির troubleshooting করে পুরোদমে চালু করা সম্ভব হবে এবং প্রচলিত নিয়মের পাশাপাশি তা ব্যবহার করে দরপত্র মূল্যায়ন সহজতর ও দ্রুত সম্পন্ন করা যাবে। সফটওয়্যারটির লগ-ইন ও ব্যবহার নির্দেশিকা সম্পর্কে জানতে কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৭-২-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২১/১(৫)

তারিখ: ২৪ মাঘ ১৪২৮
০৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭-২-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)